**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 08-05-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বিশ্ব রেডক্রস দিবস উপলক্ষে আজ রাজ্যের সাতটি জেলায় ভার্চুয়ালভাবে স্বেচ্ছায় রক্তদান শিবিরের উদ্বোধন করেন ।**

**(২) পূর্ত দপ্তরের সচিব কিরণ গিত্যে জানিয়েছেন আগরতলা শহরকে কেন্দ্র করে আরও দুটি বাইপাস রোড নির্মানের কাজ দ্রুত এগিয়ে চলছে ।**

**(৩) কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেছেন ২৯শে মে দেশব্যাপী 'বিকশিত কৃষি সংকল্প অভিযান' শুরু হবে ।**

**(৪) আগামীকাল বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মবার্ষিকী উপলক্ষ্যে রাজ্যজুড়ে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।**

**************************************

**Red Cross, CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বিশ্ব রেডক্রস দিবস উপলক্ষে আজ ইন্ডিয়ান রেডক্রস সোসাইটির রাজ্য শাখার পক্ষ থেকে সোসাইটির হলে রাজ্যের সাতটি জেলায় ভার্চুয়াল ভাবে স্বেচ্ছায় রক্তদান শিবিরের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। মুখ্যমন্ত্রী শিবিরে রক্তদাতাদের সঙ্গে মত বিনিময় করেন এবং রক্তদাতাদের ধন্যবাদ জানান। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন এবছর বিশ্ব রেডক্রস দিবসের ভাবনা 'মানবতাকে বাঁচিয়ে রাখা"। তিনি বলেন রেডক্রস সোসাইটি সব সময়েই মানুষের সেবা করে আসছে।

#########Byte-CM#########

মুখ্যমন্ত্রী নেশা প্রতিরোধে সচেতনতামূলক কর্মসূচি গ্রহন করার জন্য দল গঠন করার পরামর্শ দেন। তিনি বলেন এর জন্য রাজ্য সরকার সব রকমের সাহায্য করবে। অনুষ্ঠানে পৌরহিত্য করেন সংস্থার সভাপতি বি কে রায়। স্বাগত ভাষণ দেন সংগঠনের সম্পাদক চন্দন দেবনাথ।

*****************************

**Blood Donation-UNAKOTI :**

ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ আজ ভারতীয় রেডক্রস সোসাইটি'র ঊনকোটি জেলা শাখার উদ্যোগে কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্রে আয়োজিত রক্তদান শিবিরের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। তিনি নারী-পুরুষ নির্বিশেষে সবাইকে রক্তদানের মতো মহৎদানে এগিয়ে আসার আহ্বান জানান। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন, সোসাইটি'র ঊনকোটি জেলার চেয়ারম্যান তথা জেলাশাসক দিলীপ কুমার চাকমা। উপস্থিত ছিলেন জিলা পরিষদের সদস্য বিমল কর, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায় প্রমুখ। মোট পঁচিশ জন শিবিরে রক্তদান করেন।

****************************

**Blood Donation-South :**

বিশ্ব রেডক্রস দিবস উপলক্ষে আজ ইন্ডিয়ান রেডক্রস সোসাইটির উদ্যোগে দক্ষিণ জেলার বিলোনিয়ার পুরাতন টাউন হলে এক রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে রেডক্রস স্বেচ্ছাসেবী সহ ২৯ জন স্বেচ্ছায় রক্তদান করেন। শিবিরে এসে রক্তদাতাদের উৎসাহিত করেন দক্ষিণ জেলার জেলা শাসক মহম্মদ সাজ্জাদ পি, দক্ষিণ জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত, বিলোনিয়া পুর পরিষদের চেয়ারম্যান নিখিল চন্দ্র গোপ প্রমুখ।

****************************

**Blood Donation :**

বিশ্ব রেড ক্রস দিবস উপলক্ষে আজ সিপাহীজলা জেলার গ্রামোন্নয়ন দপ্তর চড়িলাম ডিভিশন অফিসের হলঘরে স্বেচ্ছায় রক্তদান শিবির অনুষ্ঠিত হয়।

জেলা স্বাস্থ্য দপ্তরের সহায়তায় ও জেলা রেডক্রস সোসাইটির উদ্যোগে আয়োজিত এই রক্তদান শিবিরে ১২ জন রেড ক্রস ভলান্টিয়ার সহ মোট ৩৯ জন রক্তদান করেন। শিবিরের উদ্বোধন করে সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত বলেন আরো শক্তিশালী দেশ ও শ্রেষ্ঠ ত্রিপুরা গঠনের ক্ষেত্রে রেডক্রস সহ বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠন ও সংস্থার অংশগ্রহন ও গুরুত্ব অপরিসীম। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সিপাহীজলা জেলার জেলাশাসক ডক্টর সিদ্ধার্থ শিব জয়সওয়াল, চড়িলাম ব্লকের বিডিও কৃত্তিকা সাহা, BAC চেয়ারম্যান জাকলু দেববর্মা প্রমুখ।

*****************************

**Road Bypass–Kiran Gitte :**

পূর্ত দপ্তরের সচিব কিরণ গিত্যে জানিয়েছেন আগরতলা শহরকে কেন্দ্র করে আরও দুটি বাইপাস রোড নির্মানের কাজ দ্রুত এগিয়ে চলেছে। এর একটি হল, লেম্বুছড়া থেকে শুরু হয়ে সিনাইহানী, রামনগর, জয়নগর হয়ে আমতলী পর্যন্ত ২৫ কিলোমিটার দীর্ঘ ওয়েস্টার্ন বাইপাস এবং অন্যটি হল লেম্বুছড়া থেকে শুরু হয়ে বোধজংনগর, খয়েরপুর হয়ে আমতলী বাইপাস পর্যন্ত ২৪ কিলোমিটার দীর্ঘ ইস্টার্ন বাইপাস। ওয়েস্টার্ন বাইপাসের কিছু অংশে যান চলাচল করলেও এই সড়কের নির্মান কাজ ২০২৭ সালে সম্পূর্ন হয়ে যাবে। আজ মহাকরণে এক সাংবাদিক সম্মেলনে তিনি এই তথ্য দেন। তিনি বলেন, বাইপাসগুলি চারলেনের হবে। তিনি জানান, রাজ্যে ছয়টি জাতীয় সড়ক রয়েছে। যার মোট দৈর্ঘ্য ৭৯৩ কিলোমিটার। যার মধ্যে রাজ্য সরকারের পূর্ত দপ্তরের দায়িত্বে রয়েছে ৪৩ কিলোমিটার এবং বাকী ৭৪৯ কিলোমিটারের দায়িত্বে রয়েছে কেন্দ্রীয় সড়ক পরিবহন মন্ত্রকের অধীনস্ত এজেন্সি, রাষ্ট্রায়ত্ব NHIDCL। তিনি আরও জানান, মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার নির্দেশে তিনি NHIDCL এর নির্বাহী অধিকর্তা অজয় বিঞ্চোই এর সঙ্গে গতকাল NHIDCL এর দায়িত্বে থাকা খোয়াই–কমলপুর ২০৮ নম্বর জাতীয় সড়কের চলাচলের অনুপযুক্ত ১২ কিলোমিটার দীর্ঘ অংশটি পরিদর্শন করেন। তিনি জানান এই অংশটির সমস্যা নিয়ে

অনুসন্ধানে রাষ্ট্রায়ত্ত সেন্ট্রাল রোড রিসার্চ ইন্সটিটিউটের পরামর্শ নেওয়া হবে।

#######Byte-K.Gitte######

****************************

**Fishery College-Convocation :**

ISRO chairman Dr, V. Narayanan আগামী ১১ই মে আগরতলায় ফিশারী কলেজে কেন্দ্রীয় কৃষি বিশ্ববিদ্যালয় মনিপুর'এর পঞ্চম সমাবর্তন অনুষ্ঠানের উদ্বোধন করবেন। আজ আগরতলায় সাংবাদিক সম্মেলনে একথা জানিয়েছেন ফিশারী কলেজের ডিন ডঃ এ বি প্যাটেল। তিনি জানান, এর আগে আগামীকাল ও ১০ই মে দেশ-বিদেশের বিশেষজ্ঞগণ ১৪টি বিষয়ের আলোচনায় অংশগ্রহণ করবেন। আয়োজন করা হবে উদ্ভাবনী বিষয়ের প্রদর্শনীও।

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

**************************

**Viksit Krishi Sankalp Abhiyan :**

কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান আজ বলেছেন যে কৃষকদের মধ্যে আধুনিক প্রযুক্তি এবং নতুন বীজের জাত সম্পর্কে সচেতনতা তৈরির জন্য ২৯শে মে থেকে ১২ই জুন পর্যন্ত দেশব্যাপী 'বিকশিত কৃষি সংকল্প অভিযান' করা হবে। নতুনদিল্লিতে জাতীয় কৃষি সম্মেলন, "খরিফ অভিযান ২০২৫-"এ ভাষণ দেওয়ার সময় শ্রী চৌহান এই ঘোষণা করেন।

১৫ দিনের অভিযানের কথা তুলে ধরে শ্রী চৌহান জানান যে এই অভিযানের আওতায় দেশের ৭০০টি জেলায় প্রায় দেড় কোটি কোটি কৃষকের কাছে পৌঁছানো হবে।

****************************

**PM, Meeting :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সভাপতিত্বে আজ একটি উচ্চ পর্যায়ের বৈঠকে বিভিন্ন মন্ত্রক ও বিভাগের সচিবদের সঙ্গে জাতীয় নিরাপত্তা সংক্রান্ত সাম্প্রতিক ঘটনাবলীর পরিপ্রেক্ষিতে জাতীয় প্রস্তুতি এবং আন্তঃমন্ত্রক সমন্বয় পর্যালোচনা করা হয়। বৈঠকে, শ্রী মোদী কর্মকাণ্ডের ধারাবাহিকতা এবং প্রাতিষ্ঠানিক স্থিতিস্থাপকতা বজায় রাখার জন্য মন্ত্রক এবং সংস্থাগুলির মধ্যে নিরবচ্ছিন্ন সমন্বয়ের প্রয়োজনীয়তার উপর জোর দেন। তিনি বর্তমান পরিস্থিতি মোকাবেলায় মন্ত্রকগুলির পরিকল্পনা এবং প্রস্তুতিও পর্যালোচনা করেন। বৈঠকে  নাগরিক প্রতিরক্ষা ব্যবস্থা শক্তিশালীকরণ, ভুল তথ্য এবং ভুয়া খবর মোকাবেলার প্রচেষ্টা এবং গুরুত্বপূর্ণ পরিকাঠামোর সুরক্ষা নিশ্চিত করার ওপর গুরুত্ব আরোপ করা হয়।

**************************

**All Party Meeting :**

আজ সকল রাজনৈতিক দলের নেতারা সন্ত্রাসবাদের বিরুদ্ধে প্রতিশোধমূলক পদক্ষেপের জন্য ভারতীয় সশস্ত্র বাহিনীর বীরত্বের প্রশংসা করেছেন এবং অপারেশন সিন্দুর নিয়ে সর্বদলীয় বৈঠকে একসঙ্গে তাদের সমর্থন

জানিয়েছেন। প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং-এর সভাপতিত্বে নতুন দিল্লির সংসদ ভবনে অনুষ্ঠিত এই বৈঠকে শ্রী সিং পাকিস্তান এবং পাক-অধিকৃত জম্মু ও কাশ্মীরের নয়টি সন্ত্রাসী ঘাঁটিতে ভারত যে অভিযান চালিয়েছে সে সম্পর্কে নেতৃবৃন্দকে অবহিত করেন।

বৈঠকের পরে সংসদীয় বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু সাংবাদিকদের জানান বৈঠকে প্রত্যেক নেতা বলেছেন দেশ বর্তমানে যে প্রধান চ্যালেঞ্জের মুখোমুখি, এই সংকটময় সময়ে রাজনীতির কোনও স্থান নেই। শ্রী রিজিজু জানান যে অপারেশন সিন্দুর এখনও চলছে।

########Byte- Kiren Rijiju#########

***************************

**Rabindra Jayanti :**

আগামীকাল ২৫শে বৈশাখ। বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মদিন। এ উপলক্ষ্যে রাজ্যজুড়ে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। তথ্য সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আগামীকাল সকালে রাজধানীর রবীন্দ্র কাননে কবি প্রণাম অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। ছন্দনীড় সাংস্কৃতিক সংস্থার উদ্যোগে শহরের রবীন্দ্র শতবার্ষিকী ভবন প্রাঙ্গণেও রবি কবির জন্মদিন উপলক্ষে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। বাংলা সংস্কৃতি বলয় আগরতলা সংসদ আগামীকাল রবীন্দ্র জন্ম জয়ন্তী উপলক্ষে প্রভাত ফেরীর আয়োজন করেছে। রাজধানীর উজ্জয়ন্ত প্রাসাদের সামনে থেকে এই প্রভাত ফেরী শুরু হয়ে শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে উমাকান্ত একাডেমী প্রাঙ্গণে রবীন্দ্রনাথের মর্মর মূর্তির পাদদেশে গিয়ে শেষ হবে। আগরতলা শহরের শতাধিক সাংস্কৃতিক সংস্থা এই শোভাযাত্রায় অংশগ্রহণ করবে বলে জানান। বাংলা সংস্কৃতি বলয় আগরতলার সংসদের সম্পাদক দেবাশিষ ভট্টাচার্য্য। তিনি বলেন এই প্রভাত ফেরীতে থাকবে নানা সাংস্কৃতিক অনুষ্ঠান সম্পর্কিত টেবলু। তিনি জানান বাংলা সংস্কৃতি বলয়ের বাংলা সাপ্তাহিক সংস্কৃতি হাট বিরামহীন ৭৫টি রবিবারে পা রাখবে আগামী রবিবার। সেখানে রবীন্দ্র উৎসব পালিত হবে বলে জানান তিনি।

***********************************

**India targets Radars :**

পাকিস্তানের বেশ কয়েকটি স্থানে ভারতীয় সশস্ত্র বাহিনী আজ সকালে বিমান প্রতিরক্ষা রাডার এবং সিস্টেমগুলিকে লক্ষ্য করে হামলা চালিয়েছে। প্রতিরক্ষা মন্ত্রক জানিয়েছে, লাহোরে অবস্থিত একটি বিমান প্রতিরক্ষা ব্যবস্থাকে নিষ্ক্রিয় করা হয়েছে বলে জানা গেছে। জানা গেছে পাকিস্তান গত রাতে ড্রোন এবং ক্ষেপণাস্ত্র ব্যবহার করে উত্তর ও পশ্চিম ভারতের অবন্তীপুরা, শ্রীনগর, জম্মু, পাঠানকোট, অমৃতসর, কাপুরথলা, জলন্ধর, লুধিয়ানা, আদমপুর, ভাটিন্ডা, চণ্ডীগড়, নাল, ফালোদি, উত্তরলাই এবং ভূজ সহ বেশ কয়েকটি সামরিক লক্ষ্যবস্তুতে হামলা চালানোর চেষ্টা করেছিল। ইন্টিগ্রেটেড কাউন্টার ইউএএস গ্রিড এবং বিমান প্রতিরক্ষা ব্যবস্থা দ্বারা এগুলি নিষ্ক্রিয় করা হয়েছে। এই হামলার ধ্বংসাবশেষ এখন বেশ কয়েকটি স্থান থেকে উদ্ধার করা হচ্ছে যা পাকিস্তানি আক্রমণের প্রমাণ দেয়।

এছাড়াও জম্মু ও কাশ্মীরের বিভিন্ন স্থানে মর্টার এবং ভারী ক্যালিবার আর্টিলারি ব্যবহার করে নিয়ন্ত্রণ রেখা পেরিয়ে পাকিস্তান বিনা উস্কানিতে গুলিবর্ষণের তীব্রতা বাড়িয়েছে। মন্ত্রক জানিয়েছে, পাকিস্তানের গুলিবর্ষণের ফলে তিনজন মহিলা এবং পাঁচটি শিশু সহ ষোল জন নিরীহ মানুষ প্রাণ হারিয়েছে। ভারত পাকিস্তান থেকে মর্টার ও কামানের গোলাবর্ষণ বন্ধ করে পাল্টা জবাব দিতে বাধ্য হয়েছে।

***************************

**Sushanta Chowdhury :**

পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী আজ জিরানীয়ার অগ্নিবীণা হল ঘরে কেন্দ্রের "নিক্ষয় মিত্র" প্রকল্পের প্রচারাভিযান কর্মসূচীর অঙ্গ হিসেবে টিবি রোগীকে দত্তক নেওয়ার অনুষ্ঠানের উদ্বোধন করেন। শ্রী চৌধুরী বলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি প্রত্যেক দেশবাসীকে একজন করে টিবি রোগীর চিকিৎসার দায়িত্ব নেবার আহ্বান জানিয়েছেন। তিনি বলেন ২০২৫ সালের মধ্যে দেশ থেকে যক্ষ্মা নির্মূল করার লক্ষ্যকে সামনে রেখে জাতীয় যক্ষ্মা নির্মূল

কর্মসূচির অধীনে এবং 'প্রধানমন্ত্রী টিবি মুক্ত ভারত অভিযান' এবং 'নিক্ষয় পোষণ যোজনার অন্তর্গত নিক্ষয় মিত্র" উদ্যোগের অঙ্গ হিসেবে কমপক্ষে ৬ (ছয়) মাসের জন্য টিবি রোগীদের দত্তক নিতে উৎসাহিত করাই রাজ্য সরকারের লক্ষ্য।

****************************

**Football :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজকের খেলায় সিমনা তমাকারী ফুটবল ক্লাব জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে বিকালে অনুষ্ঠিত খেলায় সিমনা তমাকারী ফুটবল ক্লাব ৮-২ গোলে আমরা কজনাকে পরাজিত করে।

*****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের উত্তর, ঊনকোটি খোয়াই এবং পশ্চিম জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ হালকা বৃষ্টিপাতের সতর্কতা জারি করা হয়েছে। কিছু কিছু জায়গায় বজ্র বিদ্যুৎসহ হালকা থেকে মাঝারি পর্যায় বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৭ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াস।

******************************